ত্রিপুরা সরকার

তথ্য ও সংস্কৃতি অধিকার

*****

স-২৪১১

আগরতলা,৮ জানুয়ারি,২০২৫

# ত্রিপুরা সরকারের প্রতীক অনুমোদিত

ত্রিপুরা সরকারের প্রতীক বা লোগো সম্পর্কে ভারত সরকারের স্বরাষ্ট্র মন্ত্রকের নিকট যে প্রস্তাব পাঠানো হয়েছিল তার অনুমোদন পাওয়া গেছে। স্টেট এমব্লেম অব ইন্ডিয়া (রেগুলেশন অব ইউজ) রুলস, ২০০৭ (২০১০ সালে সংশোধিত) অনুযায়ী প্রতীকটি খতিয়ে দেখার পর অনুমোদন দেওয়া হয়েছে। ত্রিপুরা সরকারের এই প্রতীক বা লোগোটি রাজ্যের নিজস্ব সত্ত্বার পরিচয় বহন করার পাশাপাশি এর সংস্কৃতি, ইতিহাস এবং ঐতিহ্যকে তুলে ধরতে গুরুত্বপূর্ণ ভূমিকা গ্রহণ করবে।

*****